

শহীদ জিয়া মেডিকেল কলেজ নির্মাণেও কারচুপি!

বতুড়া অফিস ৪ বতুড়ায় এবার ২১৬ কোটি টাকা ব্যয়ে নির্মিতব্য ৫০০ শয্যার শহীদ জিয়া মেডিকেল কলেজ হাসপাতালের নির্মাণ কাজে মারাত্মক কারচুপির অভিযোগ উঠেছে। খোদ স্বাস্থ্যমন্ত্রীর নজরে এই কারচুপির ঘটনা ধরা পড়ায় তিনি চরম অসন্তোষ প্রকাশ করেছেন বলে জানা গেছে। এ ব্যাপারে শ্রীও তপ্পে জানা যায়, নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী গত বছরের ১৬ জানুয়ারী প্রধানমন্ত্রী খালেদা জিয়া ২১৬ কোটি টাকা ব্যয়সাপেক্ষে এই মেডিকেল কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তত থেকে এ পর্যন্ত এ প্রকল্পে

১০ কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং চলতি বছরের জুনের মধ্যে আরো ৪০ কোটি টাকা ব্যয় করার যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। তত থেকেই এই প্রকল্পের ভূমি হুকুমদখল প্রক্রিয়া, ভূমি মালিকদের ক্ষতিপূরণের টাকা প্রদানসহ নির্মাণ কাজে কারচুপির অভিযোগ গোনা যাচ্ছিল। কিন্তু সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তারা স্থানীয় প্রতাবশালী রাজনৈতিক কিছু নেতার পেন্ডারে থেকে কোন কিছুকেই পরোয়া করছিলেন না। গত ১০ এপ্রিল স্বয়ং স্বাস্থ্যমন্ত্রী ডঃ বঙ্গবন্ধু মোশাররফ হোসেন

শহীদ জিয়া

৮-এর পূর্বে পর
 আকস্মিকভাবে প্রকল্প পরিদর্শনে আসেন
 পিডব্লিউডি'র অতিরিক্ত প্রধান
 প্রকৌশলীকে নিয়ে। তিনি ঘটনাস্থলেই
 নির্মাণ সামগ্রীর নিয়মান ও কাজে
 কারচুপির ঘটনা ঘটকে দেখে গভীর
 বিষয় ও ক্ষোভ প্রকাশ করেন।